



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১ অক্টোবর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

### নান্যাচরের বগাছড়িতে সেটলার কর্তৃক সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধানোর চেষ্টার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা এক বিবৃতিতে রাঙামাটির নান্যাচর উপজেলার বগাছড়িতে সেটলার বাঙালি কর্তৃক সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধানোর চেষ্টার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ ১ অক্টোবর ২০১৪, বুধবার সকালে নান্যাচর উপজেলার বগাছড়ি থেকে একদল সেটলার বাঙালি ১৭ মাইল নামক স্থানে পাহাড়ীদের ভোগদখলীয় জায়গায় সংঘবদ্ধ হয়ে গাছ কাটতে যায়। খবর পেয়ে পাহাড়িরা তাদের বাধা দেয়। এরপর সেটলাররা বগাছড়িতে ফিরে এসে রাঙামাটি-খাগড়াছড়ি সড়ক অবরোধ করে সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টির চেষ্টা চালায়। তারা যাত্রীবাহী গাড়ি আটকিয়ে পাহাড়িদের উপর হামলার চেষ্টা করে। এ সময় তারা কয়েকজন গাড়ি ড্রাইভারকে মারধর করে। সেটলারদের অবরোধের কারণে প্রায় দুই ঘন্টা ধরে গাড়ি চলাচল বন্ধ থাকে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে পাহাড়িদের জায়গায় গাছ কাটতে যাওয়া ও সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধানোর চেষ্টাকারী সেটলারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানান। অন্যথায় তারা যে কোন সময় সাম্প্রদায়িক সংঘাত সৃষ্টি করতে পারে বলে তিনি আশংকা প্রকাশ করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।